গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
www.dls.gov.bd

**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০১৫.২২.১১৭১

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিষয়: **ইজাব এলায়েন্স লিমিটেড কে ভারত হতে বিশুদ্ধ শাহিওয়াল জাতের ৪টি প্রজনন ষাঁড় ও ১টি গর্ভবর্তী বকনা আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১। ইজাব এলায়েন্স লিমিটেড এর ৩০/০৪/২০২৬ খ্রি.তারিখের আবেদন পত্র।
২। National Technical Regulatory Committee (NTRC) এর ২৬/০৯/২০২৪ খ্রি. তারিখের ১১তম সভার সিদ্ধান্ত নং- ৩.৫.১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, National Technical Regulatory Committee (NTRC) এর ২৬/০৯/২০২৪ খ্রি. তারিখের ১১তম সভার সুপারিশ অনুযায়ী (সিদ্ধান্ত নং- ৩.৫.১৮) আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা, পশুরোগ বিধিমালা ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি এবং পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণপূর্বক ইজাব এলায়েন্স লিমিটেড-কে তাদের নিজস্ব খামারে প্রতিপালন ও কৃত্রিম প্রজনন কাজের ব্যবহারের জন্য ভারত হতে বিশুদ্ধ শাহিওয়াল জাতের ৪টি প্রজনন ষাঁড় ও ১টি গর্ভবর্তী বকনা নিম্নোক্ত শর্তসাপেক্ষে আমদানির অনুমতি প্রদান করা হলো:

**Details of the Bulls & Pregnant Heifer**

| SL No: | Bull ID/ Ear Tag No: | Date of Birth | Name of Bull/Heifer | Sire | Dam |
|---|---|---|---|---|---|
| 01 | 1053366069970 | 26/02/2023 | ROBI | ABC-SH21558 | 100196130988 |
| 02 | 106283880480 | 19/08/2023 | BIKASH | SAG SL 10072 | SAG SW 37 |
| 03 | 31062117425 | 28/10/2023 | BADAL | SAG SH 10123 | SAG SH-S 9515 |
| 04 | 10563849336 | 12/07/2023 | SHAKTI | ABC SH-21374 | NOORI (SL-100%) |
| 05 | 10627109808 | 18/07/2023 | MILI | SAG SH 10101 | 160009514786 |

**শর্তাবলী:**

০১। পশুরোগ আইন-২০০৫ ও বিধি-২০০৮ অনুসরণপূর্বক আমদানিতব্য বিশুদ্ধ শাহিওয়াল জাতের ৪টি প্রজনন ষাঁড় ও ১টি গর্ভবর্তী বকনা শুধুমাত্র ইজাব এলায়েন্স লিমিটেড তাদের নিজস্ব খামারে প্রতিপালন ও প্রজনন কাজে ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই আমদানীকৃত বকনা থেকে উৎপাদিত বকনা/ষাঁড় বিক্রয় করা যাবে না এবং ষাড়েঁর সিমেন খামারের বাহিরে অন্যত্র স্থানান্তর বা ব্যবহার করা যাবে না।

০২। WOAH Guide Line এবং বাংলাদেশ Animal Disease Act-2005 অনুযায়ী আমদানীতব্য ৪টি প্রজনন ষাঁড় ও ১টি গর্ভবর্তী বকনা Bovine TB, Brucellosis, Johne's Disease (Paratuberculosis) সহ অন্যান্য Contagious Disease ও Abnormalities মুক্ত এবং Foot and Mouth disease (FMD), Haemorrhagic septicaemia (H.S), Anthrax ও Lumpy Skin Disease (LSD) টিকা প্রদানকৃত মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিটি ষাঁড়/বকনা এর মূল Health Certificate আমদানীকালীন সময়ে কোয়ারেন্টাইন ষ্টেশনে দাখিল করতে হবে।

০৩। রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE) মুক্ত মর্মে উক্ত দেশের উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকতে হবে।

০৪। আমদানিতব্য প্রজনন ষাঁড়/বকনা গুলো ক্ষতিকারক Ecto and Endoparasites মুক্ত হতে হবে।

০৫। দাখিলকৃত তথ্যাদির আলোকে যে সকল ষাঁড়/বকনা আমদানী করা হবে তার পূর্বের কমপক্ষে ০২ জেনারেশনের Pedigree Information/Performance Record (সংশ্লিষ্ট দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত) আমদানির পূর্বে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।
০৬। সরবরাহকৃত তথ্যাদির আলোকে যে সকল ষাঁড়/বকনা আমদানি করা হবে তার Ear Tag/ID I Pedigree তে উল্লিখিত তথ্য Herd Book নম্বরের সাথে মিল থাকতে হবে।
০৭। আমদানিতব্য ষাঁড়/বকনা এর Ear Tag/ ID I Pedigree তে উল্লিখিত আইডি নম্বর কোয়ারেন্টাইনের সময় কোয়ারেন্টাইন কর্তৃপক্ষের নিকট নিশ্চিত করতে হবে।
০৮। Shipment এর পূর্বে ষাঁড়/বকনা গুলো রোগমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের কোয়ারেন্টাইন সার্টিফিকেট দাখিল করতে হবে এবং আমদানিতব্য ষাঁড়/বকনা আমদানির পর মালিক পক্ষের খরচে ও তত্ত্বাবধানে বাংলাদেশের প্রচলিত পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এর ধারা ৬ অনুযায়ী কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পাদনের পর স্থানীয় সরকারী ভেটেরিনারিয়ান কর্তৃক রোগমুক্ত সনদ অধিদপ্তরে দাখিল করতে হবে। যদি কোয়ারেন্টাইনের সময় কোন ষাঁড়/বকনা রোগাক্রান্ত বলে সনাক্ত হয়, তবে মালিক পক্ষ/আমদানিকারক নিজ খরচে কোয়ারেন্টাইন আইনের ধারা ১০ অনুযায়ী ব্যবস্থা নিবেন।
০৯। পরিবেশ দূষণ প্রশমনে খামারে বিজ্ঞানভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করতে হবে।
১০। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।
১১। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।
১২। খামার সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে উক্ত খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।
১৩। খামারে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাজে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগীতা করবেন।
১৪। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।
১৫। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।
১৬। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।

**সংযুক্তিঃ**

(১) সংযুক্তি

৩০-০৬-২০২৬
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক

ব্যবস্থাপনা পরিচালক
ইজাব এলায়েন্স লিমিটেড, ইজাব ফ্লোরা ইউনিটি টাওয়ার, ৪২, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০১৫.২২.১১৭১/১ (৮)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর।
২। কমিশনার, কাস্টমস হাউস, তামাবিল স্থলবন্দর, সিলেট।
৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট।
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, সিলেট।
৫। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, তামাবিল স্থলবন্দর, সিলেট।
৭। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ..........................................।
৮। অফিস কপি।

৩০-০৬-২০২৬
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক